অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্ট প্যালেস্টাইনের বিষাক্ত ট্রেইন লাইনচ্যুত হওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে ফ্রাইট রেল হ্যাজমাট বিপর্যয় প্রতিরোধ করতে বাড়তি ব্যবস্থা গ্রহণ করার জন্য ফ্রাইট রেল শিল্পখাত, কংগ্রেস ও ফেডারেল নিয়ন্ত্রকদের তাগিদ প্রদান করলেন

ব্যবস্থায় থাকবে বিপজ্জনক উপাদানের জন্য নিরাপদতর ট্যাংক কার বাস্তবায়নের কাজ ত্বরান্বিত করা

সম্ভাব্য সংঘর্ষ প্রতিরোধ করতে ব্রেকিং নিয়ম ও ব্যবস্থার আধুনিকায়ন

স্টেটের জরুরি সাড়াদান দলকে স্টেটের মধ্যে দিয়ে হ্যাজার্ড কার যাওয়ার ব্যাপারে পূর্বেই জানানো রেলরোডগুলির জন্য আবশ্যক করা

ফ্রাইট রেল হ্যাজমাট ঘটনার জন্য প্রশিক্ষণ ও প্রস্তুতির পরিকল্পনার জন্য সুযোগ ও তহবিল সম্প্রসারিত করা

গভর্নর ক্যাথি হোকল আজকে ওহায়োর ইস্ট প্যালেস্টাইনের বিষাক্ত ট্রেইন লাইনচ্যুত হওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে ফ্রাইট রেল হ্যাজমাট বিপর্যয় প্রতিরোধ করতে বাড়তি ব্যবস্থা গ্রহণ করার জন্য ফ্রাইট রেল শিল্পখাত, কংগ্রেস ও ফেডারেল নিয়ন্ত্রকদের তাগিদ প্রদান করলেন। গভর্নর যে সার্বিক ব্যবস্থার রূপরেখা প্রদান করেছেন তা একটি নিরাপদতর বিপজ্জনক উপাদান পরিবহন শিল্পখাত তৈরিতে সাহায্য করবে এবং একই সাথে উন্নত ফেডারেল তত্ত্বাবধানের মাধ্যমে জরুরি সাড়াদান সক্ষমতা বৃদ্ধি করবে।

"নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তা এখনো আমার প্রশাসনের শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে। ওহায়োর ইস্ট প্যালেস্টাইনের এই ট্রেইল লাইনচ্যুত হওয়ার ঘটনা প্রতিরোধমূলক নিয়ন্ত্রণ এবং জরুরি সাড়াদান সংস্থানকে পর্যাপ্তভাবে পূর্বেই যথাস্থানে স্থাপনের গুরুত্বে উপর জোর দান করে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক ফ্রাইট রেল বিপর্যয়ের প্রস্তুতি ও সাড়াদানে শীর্ষে থাকতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমি ফ্রাইট রেল শিল্পখাত, কংগ্রেস এবং ফেডারেল নিয়ন্ত্রকদের মধ্যে আমাদের অংশীদারদের আহ্বান করছি যে বিপজ্জনক উপাদান পরিবহনের পদ্ধতি আধুনিকায়িত করে এবং বিপর্যয়ের প্রস্তুতি পরিকল্পনা ও সাড়াদানের সংস্থান জোরদার করে যাতে ভবিষ্যৎ বিপর্যয়ের সম্ভাবনা হ্রাস করা হয়।"

গভর্নর হোকল ফ্রাইট রেল শিল্পখাত, কংগ্রেস ও ফেডারেল নিয়ন্ত্রকদের বিশেষ করে নিম্নের ব্যবস্থাগুলি গ্রহণ করার আহ্বান জানিয়েছেন:

- কংগ্রেসনালভাবে বাধ্যতামূলক নির্ধারিত সময় 2029 সালের পূর্বেই বিপজ্জনক উপাদানের জন্য নিরাপদতর ট্যাংক কারের (DOT 117's) ফেজ-ইন ত্বরান্বিত করা।
- সম্ভাব্য রেল লাইনচ্যুতি ঠেকাতে ব্রেকিং নিয়ন্ত্রক আধুনিক করা এবং বৈদ্যুতিকভাবে নিয়ন্ত্রিত নিউম্যাটিক ব্রেকের (electronically controlled pneumatic brakes, ECP) ব্যবহার বৃদ্ধি করা।
- স্টেটের জরুরি সাড়াদান দলকে স্টেটের মধ্যে দিয়ে হ্যাজার্ড কার যাওয়ার ব্যাপারে পূর্বেই জানানো রেলরোডগুলির জন্য আবশ্যক করা
- হ্যাজমাট প্রস্তুতি ও সাড়াদান পরিকল্পনার জন্য বিশেষ স্টেট ও স্থানীয় অনুদান সম্প্রসারিত করা।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কবাসীদের জানা উচিত যে গভর্নর হোকলের নেতৃত্বের কারণে স্টেট যেকোনো জরুরি পরিস্থিতির সাড়াদান করার জন্য প্রস্তুত আছে। আজকে গভর্নর যেই ব্যবস্থার রূপরেখা প্রদান করেছেন তা নিশ্চিত করবে যে ফেডারেল সরকার আমাদের বাসিন্দাদের আরো ভালোভাবে সুরক্ষিত রাখার জন্য রেল নিরাপত্তাকে অগ্রাধিকার দিচ্ছে এবং দেশের জন্য সবথেকে দৃঢ় রেল পরিবহন তত্ত্বাবধান থাকা নিশ্চিত করবে। আমাদের দেশের শীর্ষস্থানীয় সাড়াদান সক্ষমতার পর্যালোচনা করে তা আরো অগ্রসর করার জন্য DEC আমাদের ফেডারেল, স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমাদের এক নম্বর অগ্রাধিকার এবং স্টেটে এই ধরনের ঘটনার জন্য নিয়মিত পরিকল্পনা করে এমন হ্যাজমাট ও বিপর্যয়ে সাড়াদানে অভিজ্ঞ উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী রয়েছে। যদিও DHSES এবং আমাদের এজেন্সি অংশীদারগণ সাড়াদানের জন্য ভালোভাবে প্রস্তুত আছে, তবুও প্রস্তুতি প্রচেষ্টা জোরদার করতে এবং সম্প্রদায়সমূহকে যাতে আর রেল হ্যাজমাট ঘটনার সম্মুখীন না হতে হয় তার জন্য ফেডারেল কর্মকর্তা এবং পরিবহন শিল্পখাতকে অবশ্যই বাড়তি ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীন, নিউ ইয়র্ক স্টেট পরিবহনের সকল মাধ্যমে, বিশেষ করে রেল নিরাপত্তার উপর নিবিড় মনোযোগ প্রদান করছে, এবং দেশব্যাপী ও নিউ ইয়র্কে ফ্রাইট রেল সরঞ্জাম ও কর্মকাণ্ডের নিরাপত্তা ব্যবস্থা আরো অগ্রসর করার জন্য NYSDOT আমাদের ফেডারেল, স্টেট ও শিল্পখাতের অংশীদারদের সাথে সক্রিয়ভাবে কাজ করছে। নিরাপত্তা সকলের দায়িত্ব এবং কেবল একটি সার্বিক, সমন্বিত প্রচেষ্টার মাধ্যমেই আমরা আরেকটি হ্যাজমাট ঘটনার ঝুঁকি হ্রাস করতে এবং আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেট ফ্রাইট ট্রেইল বিপর্যয়ের প্রস্তুতি ও সাড়াদানের ক্ষেত্রে দেশের শীর্ষে রয়েছে। 2013 সালে ল্যাক-মেগান্টিক সংঘর্ষের পর, নিউ ইয়র্ক স্টেট একটি সার্বিক সাড়াদান পরিকল্পনার উদ্যোগ গ্রহণ করে এবং ফ্রাইট রেল হ্যাজমাট বিপর্যয়ের প্রস্তুতি হিসেবে সাড়াদান সম্পদ পূর্বে যথাস্থানে স্থাপন করে, এর মনোযোগ ছিলো বিশেষ করে অপরিশোধিত তেল। একটি বহু এজেন্সির প্রয়াসের মাধ্যমে, পরিবেশ সংরক্ষণ বিভাগের নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট ভৌগলিক সাড়াদান পরিকল্পনাসমূহ (Geographic Response Plans, GRPs) তৈরি করেছে, যা একটি জরুরি অবস্থায় স্থানীয়, কাউন্টি, স্টেট, ফেডারেল এবং শিল্পখাতের সাড়াদান কর্মকাণ্ডের নির্দেশনা প্রদান করে এবং দেশের বাকি অংশের জন্য একটি আদর্শ হিসেবে কাজ করে।যদিও নিউ ইয়র্ক ফ্রাইট রেল বিপর্যয় প্রস্তুতির ক্ষেত্রে দেশের শীর্ষে রয়েছে, ফেডারেল সরকার ও রেল শিল্পখাত যদি এইসব বাড়তি ব্যবস্থা গ্রহণ করে তাহলে তা ওহায়োর মতো বিপর্যয় প্রতিরোধ করতে পারবে এবং আমাদের সাড়াদান সক্ষমতা যে নিরেট তা নিশ্চিত করতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন